অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/29/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ব্যাকগ্রাউন্ড চেক অপেক্ষার সময় বৃদ্ধি এবং বাম্প স্টক নিষিদ্ধ করার জন্য আইন স্বাক্ষর করেছেন

যে সকল ব্যক্তি এখুনি আগ্নেয়াস্ত্র ক্রয় করার জন্য অনুমোদিত নয় তাদের জন্য 30-দিন পর্যন্ত একটি অপেক্ষার সময় নির্ধারিত করেছেন

আগ্নেয়াস্ত্রের ফায়ারিং রেট ত্বরান্বিতকারী বাম্প স্টক এবং সেই ধরণের অস্ত্রের মালিকানা, তৈরি করা, বহন করা এবং বিক্রয় নিষিদ্ধ করা হয়েছে

ফেব্রুয়ারী মাসে স্বাক্ষরিত রেড ফ্ল্যাগ বিল সহ দেশের মধ্যে অগ্রণী নিউ ইয়র্কের বন্দুক আইন এর উপর ভিত্তি করে গঠিত ব্যবস্থাসমূহ

গভর্নর কুওমো: "এই ব্যবস্থাগুলিকে আইনে স্বাক্ষরিত করে আমরা আমাদের দেশের মধ্যে অগ্রণী বন্দুক আইনকে আরও মজবুত করছি - ক্ষনিকের মধ্যে রক্তগঙ্গা বইয়ে দেওয়া যে অস্ত্রগুলির মূল উদ্দেশ্য, সেগুলিকে নিষিদ্ধ করছি এবং আগ্নেয়াস্ত্র বিপজ্জনক লোকদের হাতে পড়া বন্ধ করতে আইন প্রণয়নকারীদের প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করছি।"

যে সকল ব্যক্তি এখুনি আগ্নেয়াস্ত্র ক্রয় করার জন্য অনুমোদিত নয় তাদের জন্য জাতীয় তাত্ক্ষনিক অপরাধমূলক ব্যাকগ্রাউন্ড পরীক্ষা পদ্ধতির (National Instant Criminal Background Check System, NICS) (S.2374/A.2690) মাধ্যমে 30-দিন পর্যন্ত একটি অপেক্ষার সময় নির্ধারিত করতে এবং বাম্প স্টকের মালিকানা বা বিক্রয় (S.2448/A.2684) সম্পর্কিত বিদ্যমান সংবিধিবদ্ধ ফাঁকফোকর ঢাকতে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আইন স্বাক্ষর করেছেন। যে সকল ব্যক্তি তাদের নিজের জীবন বা অন্যদের পক্ষে একটি বিপদের সম্ভাবনাযুক্ত তাদের আগ্নেয়াস্ত্র বিক্রয় ও কাছে রাখার থেকে বিরত করতে ফেব্রুয়ারি মাসে স্বাক্ষরিত রেড ফ্ল্যাগ বিল (Red Flag Bill) সহ দেশের মধ্যে অগ্রণী নিউ ইয়র্কের সবথেকে দৃঢ় বন্দুক আইনের (Gun Law) উপর ভিত্তি করে এই আইনটি গঠিত।

"দীর্ঘদিন ধরে আমাদের সমগ্র দেশের কমিউনিটিগুলি বন্দুক সহিংসতায় জর্জরিত এবং যুক্তরাষ্ট্রীয় প্রশাসন যখন চোখ বুজে আছে, তখন নিউ ইয়র্ক আমাদের পরিবার এবং আমাদের সন্তানদের রক্ষা করতে পথ দেখানো অব্যাহত রেখেছে", **গভর্নর কুওমো বলেন**। "এই ব্যবস্থাগুলিকে আইনে স্বাক্ষরিত করে আমরা আমাদের দেশের মধ্যে অগ্রণী বন্দুক আইনকে আরও মজবুত করছি – ক্ষনিকের মধ্যে

রক্তগঙ্গা বইয়ে দেওয়া যে অস্ত্রগুলির মূল উদ্দেশ্য, সেগুলিকে নিষিদ্ধ করছি এবং আগ্নেয়াস্ত্র বিপজ্জনক লোকদের হাতে পড়া বন্ধ করতে আইন প্রণয়নকারীদের প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করছি।"

"বন্দুক সহিংসতা যেহেতু সমগ্র স্টেট এবং দেশকে ক্ষতিগ্রস্ত করছে, তাই আইনকে আরও মজবুত করতে এবং নিউ ইয়র্কবাসীদের রক্ষা করতে আমরা আমাদের প্রচেষ্টাগুলিকে আরও উন্নত করছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই আইন ব্যাকগ্রাউন্ড পরীক্ষার জন্য অপেক্ষার সময়কাল সম্প্রসারণ এবং বাম্প স্টক নিষিদ্ধকরণ করতে তা আগ্নেয়াস্ত্রগুলি যে ভুল হাতে পড়েনি তা নিশ্চিত করতে সহায়তা করবে এবং সর্বনাশকারী ঘটনার জন্য অস্ত্রগুলির ব্যবহার নিষিদ্ধ করবে। নির্বোধ বন্দুক সহিংসতা বন্ধ করতে এবং জীবন রক্ষা করতে আমাদের দেশকে-পথ দেখানো নীতিগুলি গঠনের জন্য আমরা অঙ্গীকারবদ্ধ।"

ব্যাকগ্রাউন্ড চেক অপেক্ষার সময় বৃদ্ধি

বর্তমান ফেডারেল আইন অনুযায়ী, আগ্নেয়াস্ত্র বিক্রির পূর্বে বন্দুক ডিলারকে একজন সম্ভাব্য ক্রেতার জাতীয় তাত্ক্ষনিক অপরাধমূলক ব্যাকগ্রাউন্ড পরীক্ষা পদ্ধতি (NICS) ব্যাকগ্রাউন্ড চেক সম্পাদন করতে হবে, যা ডিলারকে অবিলম্বে তিনটি সম্ভাব্য সূচনার একটি প্রদান করবে। এই সূচনাগুলি অন্তর্ভুক্ত করে "বিক্রয় করুন", "প্রত্যাখ্যাত" বা "বিলম্বিত করুন"। "বিলম্বিত করুন" উত্তর পাওয়ার ক্ষেত্রে, বিক্রয় সম্পূর্ণ করার আগে ডিলারকে অবশ্যই তিন দিন অপেক্ষা করতে হবে। তিন-দিন সময়মেয়াদের মধ্যে ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (FBI) ওই ব্যক্তির অতীত সম্পর্কে তদন্ত চালিয়ে যেতে পারে কিন্তু প্রায়শই আইন রক্ষাকারী যতক্ষণ স্থির করছে যে সম্ভাব্য ক্রেতা অনুপযুক্ত, ততক্ষণে বিক্রয়টি সম্পূর্ণ হয়ে গেছে। অপেক্ষার সময় 30 দিন পর্যন্ততে সম্প্রসারিত করে, আইন রক্ষাকারীদের একটি ব্যাকগ্রাউন্ড পরীক্ষা সম্পূর্ণ করার জন্য যথেষ্ট সময় প্রদান করা হয়েছে এবং শুধুমাত্র যারা একটি আগ্নেয়াস্ত্র ক্রয় করতে পারে বা একটি আগ্নেয়াস্ত্রের মালিক হতে পারে শুধুমাত্র তারাই সেটি করতে পারবেন, এই নিশ্চয়তা প্রদানে সহায়তা করেছে।

সেনেট ডেপুটি লিডার মাইকেল জিয়ানারিস বলেন, "স্বাভাবিক বুদ্ধির বন্দুক নিরাপত্তা সংস্কার জীবন, সময়কাল রক্ষা করবে। আরও কঠোর ব্যাকগ্রাউন্ড পরীক্ষা বন্দুকগুলিকে বিপজ্জনক মানুষদের থেকে দূরে রাখবে। আমেরিকার অন্যতম কঠোর বন্দুক নিরাপত্তা আইনের কিছু অংশ লেখার জন্য এবং আমদের পরিবার এবং স্কুলগুলির নিরাপত্তাকে অগ্রাধিকার প্রদানকারী নিউ ইয়র্ক সেনেটের অংশ হতে পেরে আমি গর্বিত। আমি আনন্দিত যে গভর্নর এই গুরুত্বপূর্ণ ব্যবস্থাটিকে আইনে পরিণত করেছেন।"

অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন, "এই আইন আমাদের আগে থেকে থাকা মজবুত বন্দুক আইনের উপর ভিত্তি করে গঠিত হবে যা আইন-মেনে চলা নাগরিকদের অধিকারগুলি ব্যাহত না করে আইন রক্ষকদের ব্যাকগ্রাউন্ড পরীক্ষা সম্পূর্ণ করতে পর্যাপ্ত সময় প্রদান করা নিশ্চিত করবে। FBI এর মতে, বন্দুকগুলি ভুল হাতে যাতে না পড়ে তা দেখতে আইন রক্ষকদের নিজেদের কাজ করতে শুধু আরও সময় প্রয়োজন।"

বাম্প স্টক নিষিদ্ধকরণ

2017 সালে, নেভেডার লাস ভেগাসে, একটি বন্দুকের মাধ্যমে গণহত্যার ঘটনায় 58 জন মারা যাওয়ার পরে, বাম্প স্টক এবং আগ্নেয়াস্ত্রের গুলি বর্ষণের হার ত্বরান্বিতকারী অন্যান্য অস্ত্রগুলি প্রশাসনের নজরে আসে। এই অস্ত্রগুলি সেমি-অটোমেটিক অস্ত্রগুলির সাথে সংযুক্ত এবং যে কোনো মানুষ যত দ্রুত গতিতে গুলি বর্ষণ করতে পারে তার থেকে দ্রুত গতিতে গুলি বর্ষণ করার সুবিধা প্রদান করে। মেশিন গান, এবং মেশিন গানের মত আগ্নেয়াস্ত্রগুলির ক্ষেত্রে জনসাধারণের নিরাপত্তার সমূহ ঝুঁকির কারণে, নিউ ইয়র্কের আইন অনুযায়ী এই অস্ত্রগুলি আগে থেকেই বেআইনি। বাম্প স্টক এবং ওই ধরণের অস্ত্রগুলি জনসাধারণের নিরাপত্তার ক্ষেত্রে একই বিপদের সম্ভাবনাযুক্ত, এবং এই আইন আগ্নেয়াস্ত্র, রাইফেল বা শর্টগানগুলির গুলি বর্ষণের হার বৃদ্ধিকারী কোনো জিনিসের মালিকানা, তৈরি করা, বহন করা, শিপমেন্ট এবং বিক্রয় নিষিদ্ধ করবে।

সিনেটর লুইস সেপুলভেডা বলেন, "নিউ ইয়র্ক স্টেটের রাস্তায় বা বাড়িগুলিতে সেনাবাহিনীর মতো অস্ত্রসস্ত্র রাখার একদমই কোনো প্রয়োজন নেই। বাম্প স্টক এবং অন্যান্য অস্ত্রগুলি, যা যে কোনো মানুষ যত দ্রুত গতিতে গুলি বর্ষণ করতে পারে তার থেকে দ্রুত গতিতে গুলি বর্ষণ করার সুবিধা প্রদান করে, সেগুলি স্পষ্টতই জনসাধারণের পক্ষে একটি চরম বিপদ, এবং ইতিমধ্যে আমাদের সমগ্র দেশে ঘটা অনেক মর্মান্তিক ঘটনার কারণ। আজ আমরা যেহেতু এই বিলটিকে আইনে স্বাক্ষরিত করেছি, তাই 2017 সালের লাস ভেগাসের গুলি চালনার ঘটনায় ক্ষতিগ্রস্তদের পরিবার এবং এই প্রাণঘাতী প্রযুক্তির কারণে যারা তাদের জীবন হারিয়েছেন, আমাদের চিন্তাধারা তাদের সকলের সাথে আছে। আজ আমরা নিউ ইয়র্ক স্টেটের মানুষদের জন্য আরও বেশি নিরাপত্তা, প্রতিরোধ এবং দায়বদ্ধতার অঙ্গীকার করছি, যার জন্য আমদেরকে অবশ্যই জীবনকে বন্দুক সহিংসতার ধ্বংসলীলা মুক্ত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিসিয়া ফাহি বলেন, "আইন প্রণয়ন এবং বন্দুক সহিংসতা নিয়ন্ত্রণ প্রশ্নাতীতভাবে স্পষ্ট – একজন ব্যক্তির একটি বৈধ, সেমিঅটোমেটিক আগ্নেয়াস্ত্রকে একটি পূর্ণ-কার্যকর মেশিন গানে পরিণত করার সক্ষমতাযুক্ত কোনো অস্ত্র রাখার কোনো ন্যায্য কারণ নেই, এবং তবুও ফেডারেল ডিপার্টমেন্ট অফ জাস্টিস (Federal Department of Justice) অনুমান করছে যে 2010 সাল পর্যন্ত 520,000 বাম্প স্টক বিক্রয় হয়েছে। আমার আইন, ফাঁকফোকরগুলি বন্ধ করবে এবং 2017 সালে লাস ভেগাসে যেরকম ভয়াবহ মর্মান্তিক ঘটনা ঘটেছিল সেই ধরণের ঘটনাগুলি প্রতিরোধ করতে সহায়তা করতে বাম্প স্টককে নিউ ইয়র্কে সম্পূর্ণ নিষিদ্ধ করবে। স্পিকার হিস্টি এবং গভর্নর কুওমোর অবিরত নেতৃত্ব এবং নিউ ইয়র্কে বন্দুক নিয়ন্ত্রণের জন্য আর একবার দেশকে পথ দেখানোর জন্য আমি তাদের ধন্যবাদ জানাই।"

সমগ্র দেশে বন্দুক সহিংসতার সমস্যা ইদানিং কালের অন্যতম দুর্দমনীয় সমস্য। বর্তমানে, বিশ্বের সর্বাধিক উন্নত দেশগুলির মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রে আগ্নেয়াস্ত্রের মাধ্যমে নরহত্যার হার সবথেকে বেশি। সাম্প্রতিকতম বছরের জাতীয় তথ্য অনুযায়ী, বন্দুকের মাধ্যমে হত্যার সংখ্যা পঞ্চাশ বছরের মধ্যে সর্বাধিক।

গভর্নর কুওমোর নেতৃত্বে, 2013 সালে নিউ ইয়র্ক সবচেয়ে শক্তিশালী বন্দুক নিয়ন্ত্রণ আইন কার্যকর করেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিরাপদ গোলাবারুদ এবং আগ্নেয়াস্ত্র প্রয়োগকরণ (Secure Ammunition and Firearms Enforcement, SAFE) আইন যা নৃশংস অপরাধীদের এবং মানসিকভাবে গুরুতর অসুস্থ মানুষদের কাছে যেন বন্দুক থাকতে না পারে, ব্যক্তিগত বন্দুক বিক্রয় প্রক্রিয়ায় যেন ব্যাকগ্রাউন্ড চেক করা অন্তর্ভুক্ত থাকে, অতিরিক্ত-ধারণক্ষমতাযুক্ত ম্যাগাজিন এবং হামলা করার অস্ত্র যেন নিষিদ্ধ হয়, এবং অবৈধভাবে বন্দুক ব্যবহারের জন্য অপরাধের দণ্ড যেন আরো কঠোর হয় এসব বিষয় নিশ্চিত করে। যে সমস্ত ব্যক্তি তাদের নিজের ও অপরের জীবনের জন্য একটি ঝুঁকির কারণ তারা যাতে একটি আগ্নেয়াস্ত্র ক্রয় করতে না পারেন তার জন্য গভর্নর সম্প্রতি রেড ফ্ল্যাগ বিলও প্রণয়ন করেছেন। নিউ ইয়র্ক হল প্রথম স্টেট যে আদালতের হস্তক্ষেপের মাধ্যমে স্কুলে গুলি চালনা প্রতিরোধ করতে সহায়তা করার জন্য শিক্ষক শিক্ষিকা এবং স্কুল পরিচালকদের ক্ষমতা প্রদান করেছে। এই আইন গার্হস্থ্য নির্যাতন এবং প্রাণঘাতী বন্দুক সহিংসতার মধ্যে সুপরিচিত সংযোগকেও লক্ষীভূত করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন